



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

বেসরকারি কলেজ শাখা

www.dsheets.gov.bd



ঢাকা

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০২০.২০.২০৬

তারিখ: ১১ আষাঢ় ১৪২৭

২৫ জুন ২০২০

বিষয়: সিরাজগঞ্জ জেলার কাজিপুর উপজেলাধীন চালিতাডাঙ্গা মহিলা ডিপ্রি কলেজের উপাধ্যক্ষ জনাব
মো: শফিকুল ইসলাম কে জনবল কাঠামো বিধি বিধান অনুসরণ করে এমপিওভুক্ত করণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল
ও কলেজ) এমপিওভুক্ত অনুমোদনের নিমিত্ত গঠিত চুড়ান্ত কমিটির ২৪/০৩/২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর ০৫ নং
ক্রমিকে বর্ণিত চালিতাডাঙ্গা মহিলা ডিপ্রি কলেজের উপাধ্যক্ষ জনাব মো: শফিকুল ইসলাম গত ১৫/০৬/২০০৬ খ্রি, তারিখে
নিয়োগপ্রাপ্ত হয়ে ২০/০৬/২০০৬ খ্রি, তারিখে যোগদান করে নিয়মিতভাবে কর্মরত আছেন। কিন্তু কলেজের ডিপ্রি স্তরটি এমপিওভুক্ত
না থাকায় তার বেতন হয় নাই। জনাব মো: শফিকুল ইসলাম উক্ত কলেজে ২৬/০৪/১৯৯৮ খ্রি, তারিখে প্রভাষক হিসেবে যোগদান করে
মে/২০০০ মাসে এমপিওভুক্ত হয়। পরবর্তীতে ১৮/০৯/২০১৭ খ্রি, তারিখে কলেজটির ডিপ্রি স্তর এমপিওভুক্ত হয়। নিয়োগকালীন সময়ে
উক্ত কলেজের অভিভাবক সদস্য জনাব মো: আমিনুল ইসলাম তালুকদার গত ১৭/০৮/২০০৬ খ্রি, তারিখে উক্ত পদে কাঞ্জিত
যোগ্যতা না থাকার অভিযোগে অপর প্রকার মামলা দায়ের করেন (মামলা নং-৩৬/২০০৬) যাহা ১৫/১০/২০০৬ খ্রি, তারিখে নিষ্পত্তি
হয়। পরবর্তীতে ২৬/১১/২০০৬ খ্রি, তারিখে মিস আপিল (৪৬/২০০৬) দায়ের করেন। যাহা ২৬/০৬/২০০৮ খ্রি, তারিখে নিষ্পত্তি হয়
এবং মূল মামলাটি ০৮/০৬/২০১০ খ্রি, তারিখে তদবীরের অভাবে খারিজ হয়।

বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত: সিরাজগঞ্জ জেলার কাজিপুর উপজেলাধীন চালিতাডাঙ্গা মহিলা ডিপ্রি কলেজ কর্তৃপক্ষ জনাব
মো: শফিকুল ইসলামকে ১৫/০৬/২০০৬ খ্রি, তারিখে উপাধ্যক্ষ পদে নিয়োগ প্রদান করে এবং তিনি ২০/০৬/২০০৬ খ্রি, তারিখে
যোগদান করেন। নিয়োগের বিরুদ্ধে জনেক মো: আমিনুল ইসলাম গং কাজিপুর সহকারী জজ আদালত এ অন্য প্রকার মোকদ্দমা
নং-৩৬/২০০৬ দায়ের করেন। মামলার বাদী কর্তৃক উপাধ্যক্ষ নিয়োগের বিষয়ে নিষেধাজ্ঞা চাওয়া হলে মাননীয় আদালতে
১৫/১০/২০০৬ খ্রি, তারিখে তা না মঙ্গুর হয়। মাননীয় আদালতের ১৫/১০/২০০৬ খ্রি, তারিখের আদেশের বিরুদ্ধে জনাব মো:
আমিনুল ইসলামকে জেলা জজ আদালত সিরাজগঞ্জ এ মিস আপিল নং- ৪৬/২০০৬ দায়ের করে। উক্ত মিস আপিল মামলাটি
বিগত ২৬/০৬/২০০৮ খ্রি, তারিখে না মঙ্গুর হয়। পরবর্তীতে বিগত ০৮/০৬/২০১০ খ্রি, তারিখে মূল অন্য প্রকার মোকদ্দমা
৩৬/২০০৬ খারিজ হয়। যেহেতু, উপাধ্যক্ষের নিয়োগ সংক্রান্ত বর্ণিত মামলা নিষ্পত্তি হয়েছে, সুতরাং নিয়োগকৃত উপাধ্যক্ষ জনাব
মো: শফিকুল ইসলামকে জনবল কাঠামো বিধি বিধান অনুসরণ করে এমপিওভুক্ত করা যেতে পারে।

কমিটির সুপারিশ: জনবল কাঠামো বিধি বিধান অনুসরণ করে এমপিওভুক্ত করণের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) এমপিওভুক্ত
অনুমোদনের নিমিত্ত গঠিত চুড়ান্ত কমিটির ২৪/০৩/২০২০ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী উপাধ্যক্ষ জনাব মো: শফিকুল
ইসলাম কে জনবল কাঠামো বিধি বিধান অনুসরণ করে এমপিওভুক্ত করণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৫-৬-২০২০

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক